

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়



বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯।
www.pmedutrust.gov.bd

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী।

সভার তারিখ: ২৫ জুন, ২০১৮ খ্রিষ্টাব্দ। সময়: ১০.৩০ মিনিট।

স্থান: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর পরিচালক (যুগ্ম-সচিব) এর অফিস কক্ষ।

সভাপতি: মো: শাহাদাত হোসেন মজুমদার, পরিচালক (যুগ্ম-সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিক্ষা মন্ত্রণালয়।

সভার উপস্থিতি: পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সহকারী পরিচালক ড. মুহম্মদ মনিরুল হক শুদ্ধাচার বাস্তবায়ন বিষয়ক বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোনো সংশোধনী না থাকায় উপস্থিত সদস্যগণ তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন।

(ক) শুদ্ধাচার কার্যক্রম সম্পর্কে মতবিনিময় সভা/সেমিনার/ওয়ার্কসপ আয়োজন: সহকারী পরিচালক ড. মুহম্মদ মনিরুল হক সভাকে জানান, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর অভ্যন্তরীণ প্রশিক্ষণসূচিতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকে। আগামীতে শুদ্ধাচার বিষয়ে প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন করা যেতে পারে।

(খ) ওয়েবসাইট হালনাগাদকরণ: উপ-পরিচালক (উপ-সচিব) জানান, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সিটিজেন চার্টার হালনাগাদ করা প্রয়োজন। সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) জানান, ওয়েবসাইট হালনাগাদ করার কাজের প্রায় ৮০% অগ্রগতি সাধিত হয়েছে।

(গ) ই-ফাইলিং কার্যক্রম:

সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) জানান, ইতোমধ্যে ট্রাস্ট এর নিজস্ব ডোমেইন আছে। ই-ফাইলিং পদ্ধতি সহজে ব্যবহারের লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীদের একটি প্রশিক্ষণও সম্পন্ন হয়েছে। অভ্যন্তরীণ নথিসমূহ ই-ফাইলিং এর মাধ্যমে সমাধান করা হচ্ছে।

(ঘ) ই-স্টাইপেন্ড সার্ভিস: সহকারী পরিচালক (প্রশাসন) বলেন, ট্রাস্ট এর দরপত্র প্রস্তাব ও মূল্যায়ন কমিটিতে ই-স্টাইপেন্ড সার্ভিস, ডিজাইন ও পরিকল্পনার সাথে সম্পৃক্ত যেকোনো ১ (এক) জনকে অন্তর্ভুক্ত করা যেতে পারে।

২। অতপর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

২(ক) প্রতিমাসে ইনোভেশন টিমের সভা ও শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত সভার আয়োজন করা হবে।

২(খ) শুদ্ধাচার কার্যক্রম সম্পর্কে মতবিনিময় সভা/সেমিনার/ওয়ার্কসপ/প্রশিক্ষণ আয়োজন করা হবে।

২(গ) ই-নথি ব্যবহারে সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়।

২(ঘ) সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) কে ট্রাস্টের দরপত্র প্রস্তাব ও মূল্যায়ন কমিটিতে অন্তর্ভুক্ত করার বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সিদ্ধান্ত দিবেন।

বিগত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করে সভাপতি বলেন, স্ব স্ব দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যথাযথভাবে তাঁর উপর অর্পিত দায়িত্ব পালন করবেন। আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিতির জন্য পুনরায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

২৭/০৬/২০১৮ খ্রি.

(মো: শাহাদাত হোসেন মজুমদার)

পরিচালক (যুগ্ম-সচিব) ও সভাপতি

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কমিটি

বিতরণ (কার্যার্থে):

১। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২। উপ-পরিচালক (উপ-সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩। সহকারী পরিচালক (অর্থ ও হিসাব/ পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশাসন), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৪। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

নং-৩৭.২৪.০০.০০০.৪৪.০৫৪(অংশ-০১).২০১৭- ৪৬০৭

তারিখ: ১৩ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ

২৭ জুন, ২০১৮ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে:

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। যুগ্ম-সচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। অফিস কপি।

(ড. মুহম্মদ মনিরুল হক)

সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

ফোন: ৯১২২৫২৪